# ভাষাবিজ্ঞানের আঙিনায়

ড. সেখ সাব্বির হোসেন

ভাষাবিজ্ঞানের আঙিনায় । ড. সেখ সাব্বির হোসেন

# ভাষাবিজ্ঞানের আঙিনায়

AMITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534

# ভাষাবিজ্ঞানের আঙিনায়

**ড. সেখ সাব্বির হোসেন**

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

রাজা নরেন্দ্রলাল খান উইমেন্স কলেজ (অটোনোমাস)

AMITRAKSHAR PUBLISHERS

AN ISO 9001:2015/QMS/092020/19534

First Published on
8th August 2024
**Amitrakshar™**
Publishers
Kolkata-700068
Copyright © reserved by Dr. Sk Sabbir Hossen
**ISBN: 978-93-6008-300-7**
(Hardback)
**Price : 320.00**
**Title of the Book:**
ভাষাবিজ্ঞানের আঙিনায়

**(BHASA BIJNANER ANGINAY)**
লেখক – ড. সেখ সাব্বির হোসেন

**Author – Dr. Sk Sabbir Hossen**
Language: Bengali
Publisher and Type setter:
Author Typeset in AVRO BANGLA
Page No.: 175
Printed by: M. Enterprises
Website: www.amitrakshar.co.in
Email id: amitrakshapublishers@gmail.com
Phone number: 9735768900
Published by:

**Office: 1/199, Jodhpur Park, Gariahat Road, Kolkata -700068**

*All rights reserved. No part of this book may be reprinted or reproduced or utilised in any Form or by any electronic, mechanical or other means, now known or hereafter invented, including, photocopying and recording, or in any information storage or retrieval system, without permission in writing from the publisher.*
*This is a work of Fiction. The characters, places, organisations and events described in this book are either a work of author's imagination or have been used fictitiously. Any resemblance to people, living or dead, places, events, communities or organisations.*

**মর্জিনা বেগম**

আমার দিদাকে

*তোমারে যা দিতে পারি সে যে তোমারই দান*

# প্রথম সংস্করণের কথামুখ

ভাষাবিজ্ঞানের আঙিনায় প্রবেশাধিকার নিয়ন্ত্রিত। কেবলমাত্র আগ্রহী, পরিশ্রমী ও মেধাসম্পন্ন মানুষই সেখানে সুযোগ পান। সেখ সাব্বির হোসেনের সেইসব গুণাবলী আছে, এই গ্রন্থ তারই স্বাক্ষর বহন করে। গ্রন্থের বিষয়বৈচিত্র্য তাঁর নানামাত্রিক অধ্যয়ন ও গবেষণার সংবাদ দেয়। ভাষাবিজ্ঞান বিষয়টিকে সীমিত মানুষের চর্চার ক্ষেত্রে সীমাবদ্ধ না রেখে অনেকের কাছে ছড়িয়ে দেওয়ার এক উদ্দেশ্য গ্রন্থের বিষয় নির্বাচন ও উপস্থাপনের ভঙ্গীতে ধরা পড়েছ। গ্রন্থের প্রথমেই তিনি সকলের উপযোগী করে 'ভাষাবিজ্ঞান নিয়ে' দু-চারটি কথা বলেছেন। যেখানে 'ভাষাতত্ত্ব' ও 'ভাষাবিজ্ঞান' বিষয়ের পার্থক্য সুস্পষ্ট হয়েছে। তত্ত্ব নির্মাণ হয় বৈজ্ঞানিক পর্যবেক্ষণ ও সিদ্ধান্তে। সেই তত্ত্ব-নির্ভরে সম্ভব হয় নতুন নতুন বিচার। অন্যদিকে ভাষাবিজ্ঞানে তত্ত্ব নির্মাণের চেয়ে বড় কথা বৈজ্ঞানিক পদ্ধতিতে বিশ্লেষণ ও প্রকৃতি উদঘাটন। গ্রন্থকার পার্থক্য দেখিয়ে শেষ করেননি, প্রাচ্য-পাশ্চাত্যের ভাষাচর্চার একটি রূপরেখাও এঁকেছেন।

ভাষা তার লৈখিক প্রকাশে অমর হয়। গ্রন্থকার সেই মাধ্যমটির শিকড় সন্ধান করেছেন এবং ধাপে ধাপে কীভাবে বাংলা ভাষার নিজস্ব বিশেষ লিপিটির সৃষ্টি হলো তার বিবরণ দিয়েছেন পরবর্তী অধ্যায়ে। বিবরণে উঠে এসেছে নানা বিরোধী মতাবলী এবং সবশেষে নিজস্ব সিদ্ধান্ত। পরবর্তী অধ্যায়টি ভাষা আয়ত্তীকরণের গূঢ় কথা। একটি শিশু যখন জন্ম নেয়, তখন সে একেবারে ভাষাহীন। কিন্তু সেই-ই ৪৫-৫০ মাসের মধ্যে তার মায়ের ভাষার, এমনকী সঙ্গে সঙ্গে হয়তো আরও কোনো ভাষার অসংখ্য প্রয়োগ-নিয়ম, শব্দ উচ্চারণ ইত্যাদি আয়ত্ত করে প্রায় বয়স্ক মানুষের মতো কথা বলতে শিখে যায়। এ যেন এক অবিশ্বাস্য উত্তরণ। মনোভাষাবিজ্ঞানীরা এই বিস্ময়কর চিরকালিক ব্যাপারটিকে ক্রম পর্যবেক্ষণ করেছেন। মানুষের বাগ্ যন্ত্রের অন্যান্য প্রাণীর থেকে অনন্য বলেই মানুষ কথা বলতে পারে। সেই বাগ্ যন্ত্রের বিশেষ সুবিধা, মানুষের স্নায়ুতন্ত্র ও মস্তিষ্কের বিশেষ গঠনও এই অধ্যায়ে আলোচিত হয়েছে।

এরপর বিচিত্রবর্ণা ভাষা প্রসঙ্গে পশ্চিম মেদিনীপুর জেলার কেশপুরের অনন্য ভাষাটির সমীক্ষালব্ধ আলোচনা আছে। অঞ্চলটি গুরুত্বপূর্ণ, কারণ এটি ঝাড়খণ্ডী ও রাঢ়ী উপভাষার এক অদ্ভুত মিলনক্ষেত্র। বিবিধ প্রসঙ্গে শৈলীবিজ্ঞানের কথাও

এসেছে। যেখানে শৈলীবিজ্ঞানের একটি প্রাথমিক ধারণা ও ভারতীয় রীতিবাদের সঙ্গে তুলনাত্মক আলোচনা হয়েছে। ভাষাচিন্তার নানাদিক থেকে সাহিত্যের অন্দরেও প্রবেশ করেছেন গ্রন্থকার। বিবেকানন্দের বাংলা গদ্য চলিত রীতিকে এক ধাক্কায় অনেকটা এগিয়ে দিয়েছিল। এই বিশিষ্ট গদ্যশিল্পীর ভাষাশৈলীর বৈশিষ্ট্য সুচিহ্নিত হয়েছে। শিশু সাহিত্যের ভাষার এক নিজস্বতা থাকে। 'সহজ কথা যায় না বলা সহজে' এই সূত্র মাথায় রেখে পরবর্তী অধ্যায়ে উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর রচনার গদ্যশৈলী বিচার করা হয়েছে। শব্দ ব্রহ্ম, শুধু উচ্চারণে নয়, লিখনেও। বাংলা ছন্দের কারিগর যাদুকর সত্যেন্দ্রনাথ সেই শব্দের অবিসংবাদিত শিল্পী। শব্দের যাদুতেই আসে ছন্দের দোলা। সত্যেন্দ্রনাথ সেই ছন্দের দোলা প্রদানে, সর্বোপরি ভাব উপস্থাপনের প্রয়োজনে সর্বক্ষেত্র থেকে শব্দ আহরণ করেছেন। আরবি-ফার্সি শব্দও এই প্রচেষ্টায় তাঁর কবিতাগুলিকে সমৃদ্ধ করেছে। এটিই হয়েছে শেষ-অধ্যায়ের আলোচ্য বিষয়।

গ্রন্থটি প্রণয়নে সেখ সাব্বির হোসেন গভীর অধ্যবসায়ের পরিচয় দিয়েছেন। ভাষা ও বিশেষভাবে বাংলা ভাষা নিয়ে আগ্রহী পাঠকদের হাতে তিনি এক সুন্দর উপহার তুলে দিয়েছেন।

১৬ শ্রাবণ, ১৪২৪
মেদিনীপুর

ড. বাণীরঞ্জন দে
বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ
বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

# প্রথম সংস্করণের ভূমিকা

আকৈশোর কৌতূহলাক্রান্ত ছিলাম ভাষা বিষয়ে। এম.এ. ক্লাসে ভাষাতত্ত্বের বিশেষ পাঠ নিতে নিতে এ বিষয়ে আমার ভাবনাগুলো ছড়িয়ে ছিটিয়ে ছিল মনের আনাচে-কানাচে। আমার শ্রদ্ধেয় অধ্যাপকদের প্রেরণা ও উৎসাহ আর কলেজের ছাত্র-ছাত্রী, বন্ধুদের দাবী আমার সেই ছিন্ন ভিন্ন ভাবনাগুলিকে গ্রন্থবদ্ধ করতে সাহস জোগালে।

এখানে আমার ভাষা ভাবনা বিষয়ক আর্টটি প্রবন্ধ গ্রন্থিত হল। আঞ্চলিক ভাষা সমীক্ষায় আমি নির্বাচন করেছি পশ্চিম মেদিনীপুরের প্রত্যন্ত একটি গ্রামকে। যেখানকার ভাষা শুনতে শুনতে বলতে বলতে আমার বড়ো হয়ে ওঠা। দু'একটি লেখা স্থানীয় পত্রিকা বা সংকলন গ্রন্থের দাবী মেটাতে সৃষ্টি হয়েছে। শিশুর ভাষা শারীরিক অবকাঠামোর প্রয়োগে-লেখাটির জন্য আমাকে উৎসাহী করেছেন আমার ভাষাতত্ত্বের অধ্যাপক ড. বাণীরঞ্জন দে মহাশয়। তিনিই গ্রন্থটির ভূমিকা লিখে দিয়েছেন। স্যারকে আমার সশ্রদ্ধ প্রণাম জানাই। আর এই প্রবন্ধগুচ্ছের সামগ্রিক পরিকল্পনা ও প্রকাশনার ব্যাপারে আমার বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. লায়েক আলি খান মহাশয়ের পরামর্শ ও নির্দেশনা আমি কাজে লাগাতে চেষ্টা করেছি। কতটা সফল হয়েছি সেটা স্যারের বিচারাধীন। আর আমার পাঠকমণ্ডলীর।

গ্রন্থ প্রকাশের ব্যাপারে আর একজন পরম শ্রদ্ধেয় অধ্যাপকের প্রেরণা আমার পাথেয়। তিনি ড. অরুণকুমার শাসমল। আমার কলেজ কেশপুর সুকুমার সেনগুপ্ত মহাবিদ্যালয়ের বাংলা বিভাগের খ্যাতিমান ও ছাত্রপ্রিয় অধ্যাপক তিনি। যাঁর আশীর্বাদধন্য হয়ে আমার শিক্ষা-জীবনের পথপরিক্রমার শুরু হয়েছিল। এই গ্রন্থের পাণ্ডুলিপি দেখে সোৎসাহে আমার প্রশংসা করেছেন আলিয়া বিশ্ববিদ্যালয়ের ভাষাতত্ত্বের অধ্যাপক মীর রেজাউল করিম। তাঁকে আমার শ্রদ্ধা ও অভিবাদন। 'কবিতিকা' প্রকাশনীর শ্রদ্ধেয় কমলেশ নন্দকে অভিনন্দন। যিনি আমার মতন নবীন এক লেখকের গ্রন্থ প্রকাশে সাগ্রহে এগিয়ে এসেছেন। ভাষা ভাবনা বিষয়ক এই গ্রন্থ বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রীর ভাষাচর্চায় যদি বিন্দুমাত্র কাজে লাগে তবেই শ্রম সার্থক হবে।

২২শে শ্রাবণ, ১৪২৪ — সেখ সাব্বির হোসেন

# দ্বিতীয় সংস্করণের ভূমিকা

অবিশ্বাস্যভাবে তিন বছর আগে প্রকাশিত 'ভাষাবিজ্ঞানের আঙিনায়' বইটির প্রথম সংস্করণ নিঃশেষিত। গ্রন্থকার হিসেবে আমার সমস্ত শুভানুধ্যায়ী ও পাঠক-পাঠিকাকে এ জন্য আন্তরিক শ্রদ্ধা ও শুভেচ্ছা জানাই। বইটির দ্বিতীয় সংস্করণের জন্য অনেকে তাগিদ দিচ্ছিলেন। 'পত্রলেখা'র কর্ণধার গুণেন শীল এর আগ্রহ ও আমন্ত্রণ এ বইয়ের দ্বিতীয় সংস্করণ সম্ভব করলো। তাই তাঁর কাছে আমি কৃতজ্ঞ।

বইটিতে বাংলা ভাষা সমস্যা, উপভাষা, বৈষ্ণব পদাবলী ও মৈমনসিংহ গীতিকার ভাষাশৈলী বিষয়ক বেশ কয়েকটি প্রবন্ধ যুক্ত হয়েছে। এছাড়াও স্থান পেয়েছে তারাশঙ্করের 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের ও গল্পকার অনিল ঘড়াইয়ের গল্পের ভাষা বিষয়ক আলোচনা। প্রথম সংস্করণের থেকে আকৃতিতে এ বইয়ের বদল ঘটেছে স্বভাবতই।

বইটির নতুন সংস্করণ ভাষাবিজ্ঞান চর্চার গবেষক, ছাত্রছাত্রী, অধ্যাপকদের ন্যূনতম কাজে লাগলে আমার শ্রম সার্থক হবে।

নভেম্বর ২০২০ — সেখ সাব্বির হোসেন

মেদিনীপুর

# তৃতীয় সংস্করণের ভূমিকা

প্রায় চার বছর আগে প্রকাশিত ‘ভাষাবিজ্ঞানের আঙিনায়’ বইটির দ্বিতীয় সংস্করণ নিঃশেষিত। গ্রন্থকার হিসেবে আমার সমস্ত শুভানুধ্যায়ী ও পাঠক-পাঠিকাকে এ জন্য আন্তরিক ধন্যবাদ জানাই। বইটির তৃতীয় সংস্করণের জন্য অনেকে তাগিদ দিচ্ছিলেন। ‘অমিত্রাক্ষর’ পাবলিশার্সের কর্ণধার অমিত অধিকারীর আগ্রহ ও আমন্ত্রণ- এ বইয়ের তৃতীয় সংস্করণ সম্ভব করলো। তাই তাঁর কাছে আমি বিশেষভাবে কৃতজ্ঞ।

স্নাতক ও স্নাতকোত্তর স্তরের ছাত্র-ছাত্রীদের কথা ভেবে বইটিতে একটি নতুন প্রবন্ধ যোগ করা হলো– ইন্দো-ইউরোপীয় ভাষাবিজ্ঞান ও ভারতীয় ভাষাবর্গ।

বিগত সংস্করণগুলির মতো এই সংস্করণটিও ভাষাবিজ্ঞান প্রেমী সমস্ত স্তরের পাঠক-পাঠিকাদের কাজে লাগবে আশা করি।

১৫ আগস্ট, ২০২৪
গোপ প্যালেস, মেদিনীপুর

ড. সেখ সাব্বির হোসেন
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
রাজা নরেন্দ্রলাল খান মহিলা মহাবিদ্যালয় (স্বশাসিত)
ইমেল : sabbirhossen@rnlkwc.ac.in

# সূচিপত্র


| | |
|---|---|
| *প্রথম সংস্করণের কথামুখ* | *vii* |
| *প্রথম সংস্করণের ভূমিকা* | *ix* |
| *দ্বিতীয় সংস্করণের ভূমিকা* | *x* |
| *তৃতীয় সংস্করণের ভূমিকা* | *xi* |
| ভাষাবিজ্ঞান নিয়ে | ১ |
| লিপির উদ্ভব ও বাংলা লিপি | ৬ |
| ইন্দো-ইউরোপীয় ভাষাবিজ্ঞান ও ভারতীয় ভাষাবর্গ | ১২ |
| শিশুর ভাষা : শারীরিক অবকাঠামোর প্রয়োগে | ৪৯ |
| বাংলা উপভাষা | ৭০ |
| ভাষাসমীক্ষায় কেশপুর | ৮৭ |
| শৈলীবিজ্ঞানের উৎস সন্ধানে | ১০৬ |
| বৈষ্ণব পদাবলীর শৈলীচর্চা | ১১০ |
| মৈমনসিংহ গীতিকার ভাষাশৈলী | ১১৮ |
| বিবেকানন্দের বাংলা কথ্য গদ্যের ভাষারীতি | ১২৫ |
| উপেন্দ্রকিশোর রায়চৌধুরী : রচনার শিল্পশৈলী | ১৩০ |
| সত্যেন্দ্রনাথ দত্তের কবিতায় ইসলামি শব্দ প্রয়োগ : একটি ভাষাতাত্ত্বিক সমীক্ষা | ১৩৯ |
| তারাশঙ্করের ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের ভাষারীতি | ১৪৯ |
| অনিল ঘড়াইয়ের ছোটগল্প : প্রসঙ্গ দলিত সমাজের ভাষা | ১৫২ |
| সাংস্কৃতিক আগ্রাসন, বাঙালি ও বাংলা ভাষা | ১৫৮ |

ভাষাবিজ্ঞানের আঙিনায়

ড. শেখ সাবির হোসেন

website : www.amitrakshar.co.in
Price : ₹400.00
ISBN 978-93-6008-300-7
9 789360 083007 >

AMITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534

website.: www.amitrakshar.co.in
Email.: amitrakshar publishers@gmail.com
Office: 1/199, Jodhpur Park, Gariahat Road, Kolkata - 700068
Phone :. 9735768900